

সেপ্টেম্বর 2007-এ ইসল (ESOL) কোর্সগুলি - গুরুত্বপূর্ণ তথ্য

(ইসল - ইংলিশ ফর স্পীকার্স অন্ড আদার ল্যাঙ্গুয়েজেস - যারা অন্য ভাষায় কথা বলেন, তাদের জন্য ইংরেজী)

আপনি যদি কোন ইসল কোর্সে ভর্তি হতে চান, তাহলে আপনাকে আপনার সবচেয়ে কাছের সেন্টার বা কলেজে গিয়ে অথবা টেলিফোন করে জানতে হবে যে কিভাবে দরখাস্ত করতে হবে।

ইসল কোর্সগুলি খুবই জনপ্রিয়, কাজেই আপনার নাম হয়ত একটা অপেক্ষমানদের তালিকায় দিতে হতে পারে।

এর জন্য কত খরচ হবে ?

আপনি (অথবা আপনার স্বামী বা স্ত্রী) যদি নিচের বেনিফিটগুলির মধ্যে কোন একটা পেয়ে থাকেন, তাহলে ইসল ক্লাসগুলি বিনাখরচে পাওয়া যাবে:

জবসীকারস্ এ্যালাওয়েন্স (JSA)
কার্ডিনাল ট্যাক্স বেনিফিট
হাউজিং বেনিফিট
ইনকাম সাপোর্ট
ওয়ার্কিং ট্যাক্স ক্রেডিট (এবং £15,050-এর থেকে কম আয় করেন)
পেনশন ক্রেডিটস (শুধুমাত্র গ্যারান্টি ক্রেডিট)

**অথবা আপনি কোন বেতন পান না এবং আপনি ওপরের কোনজনের ওপর নির্ভরশীল হন
অথবা আপনি একজন কমিউনিটি অফেন্ডার (যে অপরাধী প্রোবেশন সার্ভিসের তত্ত্বাবধানে সমাজের মধ্যে বাস করেন)**

অথবা আপনার বয়স 16 - 18 বছর

আপনি কোন্ কোন্ বেনিফিট পান তা দেখানোর জন্য আপনাকে কাগজপত্র সঙ্গে করে নিয়ে আসতে হবে।

আপনি যদি চাকরী করেন, তাহলে আপনার সবচেয়ে কাছের কলেজ আপনাকে বলতে পারবে যে এই ক্লাসগুলির জন্য আপনার কত টাকা দিতে হবে।

আপনি যদি কোন বেনিফিট না পান এবং কোন কাজ না করেন

অথবা

আপনি বছরে £15,050-এর থেকে কম আয় করেন, তাহলে আপনার স্থানীয় কলেজ হয়ত আপনার ফী-এর ব্যাপারে সাহায্য করতে পারবে।

এটা প্রমাণ করার জন্য দয়া করে কাগজপত্র নিয়ে আসবেন:
যেমন, পেঙ্গুইন, P60, এবং ট্যাক্স সংক্রান্ত অন্যান্য কাগজপত্র

আপনি যদি কোন বেনিফিটের জন্য আবেদন করতে চান, তাহলে:

- আপনার স্থানীয় জবসেন্টার প্লাস অফিসে যান

ন্যাশনাল ইনস্টিটিউট অফ ইংলিশ লার্নিংয়ের উদ্দেশ্যে দরখাস্ত করার জন্য 0845 600 0643 নম্বরে টেলিফোন করবেন অথবা আপনার স্থানীয় জবসেন্টার প্লাস অফিসে যাবেন।

গুরুত্বপূর্ণ তথ্য - কলেজের কোর্সে ভর্তি হওয়ার জন্য যোগ্যতা

আরও তথ্যের জন্য কলেজের সাথে যোগাযোগ করবেন

আমাদের কিছু কোর্স হচ্ছে 'ফুল কন্সট', যার মানে হচ্ছে যে আপনাকে সব খরচ দিতে হবে।

আমাদের বাকি কোর্সগুলির জন্য লার্নিং এ্যান্ড স্কিলস কাউন্সিল (LSC) আর্থিক সাহায্য দেয় - আপনাকে হয়ত কিছু ফী দিতে হতে পারে অথবা কোর্সটি হয়ত বিনাপয়সায় পেতে পারেন। জানার জন্য, আপনার স্থানীয় কলেজের সাথে আপনার যোগাযোগ করা উচিত। তাদের হয়ত একটা ওয়েবসাইট বা ভর্তি হওয়ার জন্য টেলিফোনের লাইন রয়েছে, অথবা আপনার সেখানে যাওয়ার দরকার হবে।

যেসব গোষ্ঠীর লোকরা লার্নিং এ্যান্ড স্কিলস কাউন্সিল-এর আর্থিক সাহায্যপ্রাপ্ত কোর্সগুলি করার জন্য যোগ্য হবেন, তাদের কয়েকটি নিচের তালিকায় দেখানো হয়েছে।

সব পরিস্থিতিগুলি এতে বলা হয়নি। আপনার নিজের পরিস্থিতির ওপর ভিত্তি করে, আপনার স্থানীয় কলেজ আপনাকে উপদেশ দিত পারবে।

লার্নিং এ্যান্ড স্কিলস কাউন্সিল-এর আর্থিক সাহায্যপ্রাপ্ত কোর্সগুলি করার যোগ্যতা	প্রমাণের উদাহরণ
ব্রিটিশ নাগরিক	ইউনাইটেড কিংডম অথবা নরদার্ন আয়ারল্যান্ড-এর পাসপোর্ট ন্যাচারালাইজেশনের সার্টিফিকেট ব্রিটিশ নাগরিক হিসাবে রেজিস্ট্রেশন
ইউনাইটেড কিংডম-এ 3 বছর ধরে স্থায়ীভাবে বসবাস করছেন (অথবা তাদের স্বামী বা স্ত্রী বা অবিবাহিত সঙ্গী, যিনি ইউনাইটেড কিংডম-এ 1 বছর ধরে বাস করছেন)	ইউনাইটেড কিংডম-এ বসবাস করার অধিকার দেওয়া অথবা অনির্দিষ্ট কালের জন্য ঢোকা বা থাকার অনুমতি দিয়ে ছাপ মেরে দেওয়া পাসপোর্ট হোম অফিসের চিঠি
ইউনাইটেড কিংডম সরকার উদ্বাস্তু হিসাবে স্বীকার করেছে (অথবা তাদের স্বামী বা স্ত্রী বা অবিবাহিত সঙ্গী অথবা সন্তান) 1 নম্বর টীকাটি দেখবেন	হোম অফিসের কাগজপত্র
ইওরোপীয় ইউনিয়ন-এর নাগরিক অথবা ইওরোপীয়ান ইকনমিক এরিয়ার থেকে আসা কর্মী, যিনি ইওরোপীয়ান ইকনমিক এরিয়ায় 3 বছর ধরে বসবাস করছেন (অথবা তাদের স্বামী বা স্ত্রী বা অবিবাহিত সঙ্গী অথবা সন্তান) 2 নম্বর টীকাটি দেখবেন	ইওরোপীয় ইউনিয়ন-এর পাসপোর্ট

টীকা

1. যাদের উদ্বাস্তু হিসাবে স্বীকার করা হয়নি, কিন্তু যাদের সেক্রেটারী অথ স্ট্রট থাকার অনুমতি দিয়েছেন, হিউম্যানিটারিয়ান প্রোটেকশন (মানবিকতামূলক সুরক্ষা) বা ডিসফ্রেশনারী লীভ (বিবেচনা অনুসারে থাকার অনুমতি), অথবা ইউনাইটেড কিংডম-এ ঢোকা ও থাকার জন্য ইউনাইটেড কিংডম সরকার এক্সপেশনাল লীভ (ব্যতিক্রমমূলক অনুমতি) দিয়েছে, এবং তারা সেই স্বীকৃতি পাওয়ার পর ইউনাইটেড কিংডম ও দ্বীপগুলিতে সাধারণভাবে বসবাস করেছেন (অথবা এইরকম একজন ব্যক্তির স্বামী বা স্ত্রী বা অবিবাহিত সঙ্গী বা সন্তান), এর মধ্যে পড়েন।

যেসব আশ্রয়প্রার্থীরা (এ্যাসাইলাম সীকাররা) 6 মাস হয়ে যাওয়ার পরেও তাদের দরখাস্তের ফলাফল জানার জন্য অপেক্ষা করছেন, তারা লার্নিং এ্যান্ড স্কিলস কাউন্সিল-এর আর্থিক সাহায্যপ্রাপ্ত কোর্সগুলি করার জন্য যোগ্য হবেন।

2. এখানে, ইওরোপীয়ান ইকনমিক এরিয়া বলতে ইওরোপীয় ইউনিয়ন, আইসল্যান্ড, লিক্টেনস্টাইন, সুইজারল্যান্ড এবং নরওয়েকে বোঝাচ্ছে।